# উন্নয়ন বার্তা

**খুলনা জেলা প্রশাসনের ত্রৈমাসিক প্রকাশনা**

জুন - আগস্ট, ২০১৯ | সংখ্যা- ৩












## জেলা প্রশাসন, খুলনা

www.khulna.gov.bd



## বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলাদেশ গড়ার প্রত্যয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার যে দৃঢ় প্রত্যয় তা বাঙালি জাতিকে সমৃদ্ধ বাংলাদেশের স্বপ্ন দেখাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে জনপ্রশাসন পরিণত হয়েছে এক বহুমাত্রিক উন্নয়নের সূতিকাগারে। জেলা প্রশাসন, খুলনার তত্ত্বাবধানে চলছে এক অভূতপূর্ব উন্নয়ন কর্মকাণ্ড। এই উন্নয়ন কর্মকাণ্ডের নেতৃত্ব দিচ্ছেন খুলনা জেলার জেলা প্রশাসক জনাব মোহাম্মদ হেলাল হোসেন। তাঁর গতিশীল নেতৃত্বে খুলনার আপামর জনসাধারণ এই উন্নয়ন প্রক্রিয়ায় সম্পৃক্ত হয়েছে। খুলনার উন্নয়নের এই ক্রমধারা সন্নিবেশিত হচ্ছে 'উন্নয়ন বার্তা' নামক ত্রৈমাসিক সাময়িকীতে। এই সাময়িকীটি উন্নয়নের সাক্ষ্যবাহী এক অনন্য দলিলে পরিণত হচ্ছে যা উন্নয়ন প্রক্রিয়াকে এগিয়ে নিতে ভবিষ্যৎ প্রজন্মকে অনুপ্রেরণা জোগাবে।

'উন্নয়ন বার্তা' প্রকাশের এই ধারাবাহিকতা রক্ষিত হওয়ায় আমি আনন্দিত এবং তৃতীয় সংখ্যা প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাচ্ছি আন্তরিক অভিনন্দন।

লোকমান হোসেন মিয়া
বিভাগীয় কমিশনার, খুলনা



## বাণী

বাঙালি জাতিকে এক উন্নত বাংলাদেশ উপহার দেওয়ার জন্য অপ্রতিরোধ্য গতিতে কাজ করে যাচ্ছেন প্রশাসনের কেন্দ্রবিন্দু মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেখানো পথে মাননীয় প্রধানমন্ত্রী তাঁর দূরদর্শী নেতৃত্বগুণে গ্রহণ করেছেন এমনসব অসীম-সাহসী উন্নয়ন পরিকল্পনা যা আজকের বাঙালি জাতিকে ২১০০ সালের স্বপ্ন দেখায়। সমৃদ্ধ বাংলাদেশের স্বপ্নে দেশ প্রেমিক প্রশাসনের কর্মতৎপরতায় উন্নয়ন কর্মকাণ্ড ছড়িয়ে পড়েছে খুলনাসহ দেশের প্রতিটি কোণায়। জুন থেকে আগস্ট পর্যন্ত সময়ে খুলনার উন্নয়নের ইতিহাসে এক মাইল ফলক রচিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী খুলনা শিশু হাসপাতালকে সীডমানি হিসেবে পনেরো কোটি টাকা অনুদান দিয়েছেন। নিম্নস্বাক্ষরকারী ও খুলনা জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ উন্নয়ন কর্মকাণ্ডের স্বীকৃতি স্বরূপ দলগত ক্যাটাগরিতে জনপ্রশাসন পদকে ভূষিত হয়েছেন যা খুলনার সামগ্রিক উন্নয়নের সাক্ষ্য বহন করে। উদ্ভূত ডেঙ্গু পরিস্থিতি সফলতার সাথে মোকাবেলা করতে সফল হয়েছে জেলা প্রশাসন। এসব উন্নয়নের কথাচিত্র 'উন্নয়ন বার্তা' এর মোড়কে সংকলিত করার যে প্রয়াস তাকে আমি সাধুবাদ জানাই। ইতোপূর্বে 'উন্নয়ন বার্তা' এর দু'টি সংখ্যার ব্যাপক সাফল্য আমাকে অনুপ্রাণিত করেছে।

'উন্নয়ন বার্তা' এর তৃতীয় সংখ্যাটির জন্য আমি শুভকামনা জানাচ্ছি এবং ত্রৈমাসিক সাময়িকীটি প্রকাশনার সাথে জড়িত সংশ্লিষ্ট সকলকে জানাচ্ছি আন্তরিক অভিনন্দন।

মোহাম্মদ হেলাল হোসেন
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা



## বাণী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়তে বর্তমান মাননীয় প্রধানমন্ত্রীর যে অনন্য উদ্যোগ ও কর্মতৎপরতা, তাতে শামিল হয়েছে জাতির পিতারই হাতে গড়া জনপ্রশাসন ও এ দেশের সর্বস্তরের মানুষ। উন্নত বিশ্বের কাতারে উঠতে এদেশের প্রতিটি অঞ্চলকে ঘিরে মাননীয় প্রধানমন্ত্রীর যে উন্নয়ন পরিকল্পনা তারই অংশ হিসেবে খুলনায় চলছে উন্নয়নের মহাযজ্ঞ। আর এই উন্নয়ন প্রক্রিয়ায় নের্তৃত্ব দিচ্ছেন খুলনা জেলার সুযোগ্য জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোহাম্মদ হেলাল হোসেন মহোদয়। খুলনা জেলার উন্নয়নের কথা দালিলিকভাবে লিপিবদ্ধ করতেই খুলনা জেলা প্রশাসন কর্তৃক ধারাবাহিকভাবে প্রকাশিত হয়ে আসছে 'উন্নয়ন বার্তা' নামক ত্রৈমাসিক সাময়িকীটি। এবারের তৃতীয় সংখ্যায় জুন, ২০১৯ থেকে আগস্ট, ২০১৯ পর্যন্ত খুলনা জেলার উন্নয়নমূলক কর্মকাণ্ড স্থান পেয়েছে। এই সময়ে খুলনার উন্নয়নে অভূতপূর্ব সব উন্নয়ন পদক্ষেপ সম্পাদিত হয়েছে যা আগামী দিনগুলোতে খুলনাকে বাংলাদেশের শীর্ষস্থানীয় জেলায় উন্নীত করতে ভূমিকা রাখবে মর্মে আমি আশাবাদী। এই উন্নয়নের কথা সর্বস্তরের জনসাধারণকে জানাতেই খুলনা জেলা প্রশাসন কর্তৃক 'উন্নয়ন বার্তা' প্রকাশের প্রয়াস। গত দু'টি সংখ্যার ন্যায় তৃতীয় সংখ্যাটি প্রকাশেও সার্বিক সহযোগিতা প্রদান করায় আমি সম্মানিত জেলা প্রশাসক মহোদয়ের নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

'উন্নয়ন বার্তা' এর তৃতীয় সংখ্যা প্রকাশের সাথে সংশিষ্ট সকলকে জানাচ্ছি আমার আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা।

জিয়াউর রহমান
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা
ও আহ্বায়ক, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

## পুনর্বাসিত ভিক্ষুকদের সাথে ইফতার মাহফিল ও ঈদ সামগ্রী বিতরণ

৪ জুন, ২০১৯ তারিখে জেলা প্রশাসন, খুলনার আয়োজনে এবং ভিক্ষুক মুক্তকরণ, ভিক্ষুকদের কর্মসংস্থান ও পুনর্বাসন সংস্থা, খুলনার উদ্যোগে পবিত্র মাহে রমজান উপলক্ষে পুনর্বাসিত ভিক্ষুকদের সাথে ইফতার ও দোয়া মাহফিল এবং ঈদ সামগ্রী বিতরণ করা হয়। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। এসময় ভিক্ষুকদের মাঝে চাল, ডাল, চিনি, সেমাই, তেল, গুড়া দুধ ও নগদ অর্থ বিতরণ করা হয়।




পুনর্বাসিত ভিক্ষুকদের সাথে ইফতার ও দোয়া মাহফিলে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নারের শুভ উদ্বোধন ও সুবিধাবঞ্চিত শিশুদের মাঝে ঈদ-উল-ফিতরের পোশাক বিতরণ

৪ জুন, ২০১৯ তারিখে শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, খুলনার আয়োজনে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নারের শুভ উদ্বোধন এবং এতিম, সুবিধাবঞ্চিত ও আশ্রয়হীন শিশুদের মাঝে ঈদ-উল-ফিতরের পোশাক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান। অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, এতিম ও সুবিধাবঞ্চিত শিশুরা অনেক সময় ঈদের আনন্দ সুন্দরভাবে উপভোগ করতে পারে না। ঈদের খুশি যাতে সকল শিশুর মাঝে ছড়িয়ে পড়ে, সে জন্য তিনি দেশের সচ্ছল মানুষদের খেয়াল রাখতে বলেন। তিনি আরো বলেন, সারা বছর না হোক, অন্তত ঈদের দিনে নতুন কাপড় পরার আনন্দটুকু যেন আমরা ওদের দিতে পারি। আমরা চাই, আসন্ন ঈদে সমাজের সকল শিশুর মুখে আনন্দের হাসি ফুটে উঠুক।



বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার উদ্বোধনপূর্বক এতিম, সুবিধাবঞ্চিত ও আশ্রয়হীন শিশুদের মাঝে ঈদ-উল-ফিতরের পোশাক বিতরণ করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## ঈদ-উল-ফিতর উদযাপনের প্রস্তুতি

৪ জুন, ২০১৯ তারিখ সকালে ঈদগাহ মাঠ পরিদর্শনে যান খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। পরিদর্শনকালে খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন, আইন শৃঙ্খলা বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এসময় তাঁরা ঈদ জামাতের প্রস্তুতি ও নিরাপত্তা ব্যবস্থা ঘুরে দেখেন।



ঈদ জামাতের প্রস্তুতি সরেজমিনে পর্যবেক্ষণ করছেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র।

৫ জুন, ২০১৯ তারিখে সমগ্র বাংলাদেশের ন্যায় খুলনাতেও উদযাপিত হয় পবিত্র ঈদ-উল-ফিতর। কঠোর নিরাপত্তায় শান্তিময় ও আনন্দঘন পরিবেশে ঈদের জামাত অনুষ্ঠিত হয়। পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে খুলনাবাসীকে ঈদের শুভেচ্ছা জানান জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। তিনি খুলনাসহ সমগ্র দেশবাসীর সুখ-শান্তি ও উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন। ঈদ উদযাপন নির্বিঘ্ন করতে প্রশাসন ও আইন-শৃঙ্খলা বাহিনীকে সদা প্রস্তুত থাকার নির্দেশ দেন তিনি।




জেলা প্রশাসক, খুলনার ঈদ-শুভেচ্ছা কার্ড।

## ঈদ-উল-আযহায় বন্দী মুক্তি ও ত্রৈ-মাসিক সভা উপলক্ষে জেল সুপারের কার্যালয় পরিদর্শনে জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা

২৪ জুন, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন পবিত্র ঈদ-উল-আযহায় বন্দী মুক্তি ও ত্রৈ-মাসিক সভা উপলক্ষে জেল সুপারের কার্যালয় পরিদর্শনে যান। পরিদর্শনকালে তিনি গার্ড অব অনার গ্রহণ করেন।



জেল সুপারের কার্যালয়ে ত্রৈমাসিক সভায় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## ঈদ-উল-ফিতরে জেলা ম্যাজিস্ট্রেট, খুলনার জেলা কারাগার পরিদর্শন

৫ জুন, ২০১৯ তারিখে পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে বৈরী আবহাওয়া উপেক্ষা করেই খুলনা জেলা কারাগার পরিদর্শন এবং সরকারের নির্দেশনা মোতাবেক কারাগারে উন্নত মানের খাবার পরিবেশন হচ্ছে কিনা তা সরেজমিনে যাচাই করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় তিনি কারাগারের কয়েদিদের সাথে কথা বলেন এবং তাদের সার্বিক বিষয়ে খোঁজখবর নেন।




জেলা কারাগার পরিদর্শনের সময় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ভূমিকা ও করণীয় শীর্ষক সেমিনার

১৬ জুন, ২০১৯ তারিখে 'শিক্ষার গুণগত মানোন্নয়নে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ভূমিকা ও করণীয়' শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (এলএ), খুলনা মোঃ ইকবাল হোসেন। সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান। সেমিনারে আরো উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ, উপজেলা পরিষদ চেয়ারম্যানবৃন্দ এবং ল্যাব প্রতিনিধিবৃন্দ।




'শিক্ষার গুণগত মানোন্নয়নে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ভূমিকা ও করণীয়' শীর্ষক সেমিনারে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## 'ফেসবুক কুরআন প্রতিযোগিতা রমাদান কুইজ' এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান

১৫ জুন, ২০১৯ তারিখে 'ফেসবুক কুরআন প্রতিযোগিতা রমাদান কুইজ' এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান।




'ফেসবুক কুরআন প্রতিযোগিতা রমাদান কুইজ' এর পুরস্কার বিতরণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের সাথে শিক্ষা উপমন্ত্রীর মতবিনিময়

৬ জুলাই, ২০১৯ তারিখে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে খুলনা জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও শিক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে এক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, এমপি। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া। আরো উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।




শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধাণগণের সাথে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, এমপি।

## খুলনা কালচারাল সেন্টারের ২য় প্রতিষ্ঠাবার্ষিক অনুষ্ঠিত

২৩ আগস্ট, ২০১৯ তারিখে খুলনা কালচারাল সেন্টারের ২য় প্রতিষ্ঠাবার্ষিক ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদাৎ বার্ষিক উপলক্ষে আলোচনা সভা ও গুণীজন সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



খুলনা কালচারাল সেন্টারের ২য় প্রতিষ্ঠাবার্ষিক অনুষ্ঠানে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন

## জেলা ও বিভাগ পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা, ২০১৯ উদযাপন

২০ জুন, ২০১৯ তারিখে ৪০তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা, ২০১৯ এর শুভ উদ্বোধন করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় তিনি বিভিন্ন প্রদর্শনী স্টল পরিদর্শন করেন। ২১ জুন, ২০১৯ তারিখে ৪০তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ, বিজ্ঞান মেলা এবং জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড, ২০১৯ এর সমাপনী অনুষ্ঠানে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। ২৩ জুন, ২০১৯ তারিখে ৬ষ্ঠ খুলনা বিভাগীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলা, ২০১৯ এ প্রধান অতিথি ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা মোঃ হাবিবুল হক খান। সভাপতির পদ অলঙ্কৃত করেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন), খুলনা নিশ্চিন্ত কুমার পোদ্দার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



ফেস্টুন উড়িয়ে ৪০ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা, ২০১৯ এর উদ্বোধন করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



৬ষ্ঠ খুলনা বিভাগীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলা, ২০১৯-এ বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## বিপিএটিসি-এর প্রশিক্ষণার্থীদের মাঠ সংযুক্তির শুভ উদ্বোধন

১৮ আগস্ট, ২০১৯ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, খুলনায় বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) থেকে আগত ৩৭তম বিসিএস ব্যাচের নতুন কর্মকর্তাদের তিন সপ্তাহব্যাপী জেলা সংযুক্তির শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমানের সভাপতিত্বে এই অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের বিভিন্ন স্তরের কর্মকর্তাবৃন্দ।



বিপিএটিসি-এর প্রশিক্ষণার্থীদের মাঠ সংযুক্তির উদ্বোধন অনুষ্ঠানে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## জাতীয় শিক্ষা সপ্তাহ, ২০১৯ উদযাপন

৪ আগস্ট, ২০১৯ তারিখে জাতীয় শিক্ষা সপ্তাহ, ২০১৯ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এছাড়া উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলী, জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানে প্রধান অতিথি বিভিন্ন ক্যাটাগরিতে জেলার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ শিক্ষক এবং শ্রেষ্ঠ শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



জাতীয় শিক্ষা সপ্তাহ, ২০১৯-এ পুরস্কার বিতরণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## জেলা প্রশাসক, খুলনার মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থেকে খুলনা শিশু হাসপাতালের সীড মানির চেক গ্রহণ

জেলা প্রশাসন ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা কর্তৃক পরিচালিত শিশু হাসপাতালে গরীব, দুঃস্থ ও বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের বিনামূল্যে চিকিৎসার জন্য জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মাননীয় প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলে মাননীয় প্রধানমন্ত্রী সীড মানি হিসেবে ১৫ কোটি টাকার চেক জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নিকট হস্তান্তর করেন। ২৫ জুন, ২০১৯ তারিখে চেক বিতরণ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভ্রাতুষ্পুত্র ও খুলনা-২ আসনের মাননীয় সংসদ সদস্য সেখ সালাহউদ্দিন জুয়েল।


মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থেকে খুলনা শিশু হাসপাতালের সীড মানির চেক গ্রহণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## শিশু ও সিনিয়র সিটিজেনদের জন্য জেলা প্রশাসকের উদ্যোগ

২২ জুন, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন খুলনা জেলার অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির কার্যালয় 'অবসর ভবন' এর শুভ উদ্বোধন করেন।




অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির কার্যালয় 'অবসর ভবন' উদ্বোধন করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

১২ জুন, ২০১৯ তারিখে জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান।




জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভায় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## 'বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষতা ও সচেতনতা' শীর্ষক সেমিনার

১৩ জুন, ২০১৯ তারিখে 'বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষতা ও সচেতনতা' শীর্ষক সেমিনারে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা মোঃ হাবিবুল হক খান।




'বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষতা ও সচেতনতা' শীর্ষক সেমিনারে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## দুর্নীতি রুখতে জেলা প্রশাসনের উদ্যোগ

সমাজ থেকে দুর্নীতি দূর করতে সদা সচেষ্ট রয়েছে জেলা প্রশাসন, খুলনা। এ প্রচেষ্টার অংশ হিসেবে গ্রহণ করা হয়েছে বিভিন্ন উদ্যোগ ও প্রশিক্ষণ কর্মশালা। 'দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমকে গতিশীলকরণ' শীর্ষক একাধিক প্রশিক্ষণ কর্মশালায় দুর্নীতির বিরুদ্ধে এবং দুর্নীতি রোধে করণীয় সম্পর্কে বক্তব্য রাখেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।




১৩ জুন, ২০১৯ তারিখে 'দুর্নীতি প্রতিরোধ কার্যক্রমকে গতিশীলকরণ' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় ও বুয়েটের প্রফেসরবৃন্দের সাথে জেলা প্রশাসকের এসডিজি বিষয়ক মতবিনিময়

৩০ জুন, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন তাঁর অফিসে Oxford University ও BUET থেকে আগত প্রফেসরবৃন্দ এবং UNICEF এর প্রতিনিধিগণের সাথে এসডিজি বিষয়ে দ্বিপাক্ষিক মতবিনিময় করেন।



অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় ও বুয়েটের প্রফেসরবৃন্দের সাথে এসডিজি বিষয়ক মতবিনিময়কালে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## 'বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি' স্বাক্ষর অনুষ্ঠান

১৭ জুন, ২০১৯ তারিখে খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়ার সাথে ২০১৯-২০ অর্থবছরের 'বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি' স্বাক্ষর করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



'বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি' স্বাক্ষর অনুষ্ঠানে খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া এবং জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## ডুমুরিয়ায় পঞ্চম পর্যায়ের উপজেলা পরিষদ নির্বাচন, ২০১৯

১৮ জুন, ২০১৯ তারিখে খুলনা জেলার ডুমুরিয়া উপজেলায় পঞ্চম পর্যায়ের উপজেলা পরিষদ নির্বাচন, ২০১৯ অনুষ্ঠিত হয়। নির্বাচন চলাকালীন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন খুলনার পুলিশ সুপারকে সাথে নিয়ে বিভিন্ন নির্বাচন কেন্দ্র পরিদর্শন করেন। ডুমুরিয়া উপজেলায় শান্তিপূর্ণ ও আনন্দঘন পরিবেশে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।



ডুমুরিয়ায় পঞ্চম পর্যায়ের উপজেলা পরিষদ নির্বাচন, ২০১৯ পরিদর্শনকালে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## বিশ্ব পরিবেশ দিবস, ২০১৯ উদযাপন

২০ জুন, ২০১৯ তারিখে বিশ্ব পরিবেশ দিবস, ২০১৯ উপলক্ষে এক বর্ণাঢ্য র‍্যালি শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন এ সভায় সভাপতির পদ অলঙ্কৃত করেন।




বিশ্ব পরিবেশ দিবস, ২০১৯ এর আলোচনা সভায় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## 'তথ্য-প্রযুক্তির মাধ্যমে এনডিডিসহ সব ধরণের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন' শীর্ষক সেমিনার

২৩ জুন, ২০১৯ তারিখে 'তথ্য-প্রযুক্তির মাধ্যমে এনডিডিসহ সব ধরণের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন' শীর্ষক প্রকল্পের অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।




'তথ্য-প্রযুক্তির মাধ্যমে এনডিডিসহ সব ধরণের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন' শীর্ষক সেমিনারে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## খুলনা শিশু হাসপাতালকে পনেরো কোটি টাকা সীডমানি হিসেবে প্রদান করায় মাননীয় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জ্ঞাপন করে সংবাদ সম্মেলন

৩ জুলাই, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে গরীব, অসহায় ও প্রতিবন্ধী শিশুদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে খুলনা শিশু হাসপাতালকে ১৫ (পনেরো) কোটি টাকা সীডমানি হিসেবে প্রদান করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জ্ঞাপন করে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, বঙ্গবন্ধুর ভ্রাতুষ্পুত্র ও খুলনা-২ আসনের সংসদ সদস্য সেখ সালাহউদ্দিন জুয়েল, খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়াসহ খুলনার বিভিন্ন দপ্তরের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।




মাননীয় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জ্ঞাপন করে সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## জাতির পিতার জন্ম শতবর্ষে বিশ্বের সর্ববৃহৎ সাইকেল র‍্যালি আয়োজনের ২য় প্রস্তুতিমূলক সভা




বিশ্বের সর্ববৃহৎ সাইকেল র‍্যালি আয়োজনের ২য় প্রস্তুতিমূলক সভায় সভাপতিত্ব করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

জাতির পিতার জন্ম শতবর্ষে বিশ্বের সর্ববৃহৎ সাইকেল র‍্যালি আয়োজনের মাধ্যমে গিনেস বুকে নাম অন্তর্ভুক্তির লক্ষ্যে ২৮ আগস্ট, ২০১৯ তারিখে এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা ও আহ্বায়ক, সাইকেল র‍্যালি আয়োজক কমিটি মোহাম্মদ হেলাল হোসেন এ সভায় সভাপতিত্ব করেন। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত এই সভায় আরো উপস্থিত ছিলেন উপ-পরিচালক, স্থানীয় সরকার ইশরাত জাহান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জিয়াউর রহমানসহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## ‘মুজিববর্ষ, ২০২০: ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আমাদের করণীয়’ শীর্ষক সেমিনার

২৬ জুন, ২০১৯ তারিখে অনুষ্ঠিত ‘মুজিববর্ষ, ২০২০: ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আমাদের করণীয়’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার, খুলনা। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা গোলাম মাঈনউদ্দিন হাসান।




‘মুজিববর্ষ, ২০২০: ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আমাদের করণীয়’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## সুশাসন প্রতিষ্ঠা এবং জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নে অনবদ্য অবদান রাখায় বিভাগীয় কমিশনারের নিকট থেকে জেলা প্রশাসকের সনদ গ্রহণ

২৭ জুন, ২০১৯ তারিখে আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস, ২০১৯ উপলক্ষে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের অংশ হিসেবে ই-সেবা (ই-ফাইলিং)-এ খুলনা জেলার ধারাবাহিক সাফল্য অর্জন, নিয়মিত মাদকবিরোধী অভিযান পরিচালনার মাধ্যমে সুস্থ সমাজ তথা সুশাসন প্রতিষ্ঠা এবং জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নে অনবদ্য অবদান রাখায় খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়ার নিকট থেকে সনদ গ্রহণ করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



বিভাগীয় কমিশনারের নিকট থেকে সনদ গ্রহণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## জেলা প্রশাসক সম্মেলন, ২০১৯

৫ দিনব্যাপী অনুষ্ঠিত হয় জেলা প্রশাসক সম্মেলন, ২০১৯। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের এতে সরব অংশগ্রহণ ছিলো। ১৪ জুলাই, ২০১৯ তারিখে জেলা প্রশাসক সম্মেলনের প্রথম দিনে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে ফটোসেশনে অংশ নেন খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন এবং অন্যান্য জেলা প্রশাসকগণ।



জেলা প্রশাসক সম্মেলনে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে একই ফ্রেমে বন্দী হন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## ‘শেখ রাসেল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ টেনিস টুর্নামেন্ট, ২০১৯’ আয়োজন বিষয়ক প্রেস ব্রিফিং

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের ঐকান্তিক প্রচেষ্টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিক এবং তাঁর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৪ তম জন্মবার্ষিক উপলক্ষে জেলা প্রশাসন, খুলনার আয়োজনে এবং অফিসার্স ক্লাব, খুলনার সার্বিক ব্যবস্থাপনায় ১৩ নভেম্বর, ২০১৯ তারিখ থেকে ১৮ নভেম্বর, ২০১৯ তারিখ পর্যন্ত ‘শেখ রাসেল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ টেনিস টুর্নামেন্ট, ২০১৯’ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এই টুর্নামেন্ট আয়োজনের ব্যাপারে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুমোদন প্রদান করেন। টুর্নামেন্টটিতে অংশগ্রহণের ব্যাপারে এশিয়া, অস্ট্রেলিয়া, ইউরোপ ও আমেরিকার বেশ কয়েকটি দেশের কর্মকর্তা ও টেনিস ফেডারেশনের সাথে যোগাযোগ করা হলে তাঁরা অংশগ্রহণ করার প্রাথমিক সম্মতি প্রদান করেছেন। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন ১০ জুলাই, ২০১৯ তারিখ সন্ধ্যায় এ বিষয়ে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সংবাদিকদের ব্রিফ করেন।



‘শেখ রাসেল ইন্টারন্যাশনাল ক্লাব কাপ টেনিস টুর্নামেন্ট, ২০১৯’ আয়োজন বিষয়ক প্রেস ব্রিফিংয়ে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মোঃ আবুল কালাম আজাদের বিভিন্ন কর্মসূচিতে খুলনায় আগমন

২৯ জুন, ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মোঃ আবুল কালাম আজাদ খুলনায় আগমন করেন। তিনি রূপসা উপজেলায় যান এবং মাননীয় প্রধানমন্ত্রীর উপহার 'যার জমি আছে ঘর নাই, তার নিজ জমিতে গৃহ নির্মাণ প্রকল্প' এর উপকারভোগীদের মাঝে গৃহ হস্তান্তর করেন। এ সময় উপস্থিত ছিলেন খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া এবং জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



উপকারভোগীদের মাঝে ঘরের চাবি হস্তান্তর করছেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মোঃ আবুল কালাম আজাদ।

২৯ জুন, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মোঃ আবুল কালাম আজাদ খুলনা জেলার SDG Localization Workshop এ প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন এবং খুলনা শিশু হাসপাতাল পরিদর্শন করেন। এ সময় উপস্থিত ছিলেন BIDA এর নির্বাহী চেয়ারম্যান কাজী মোঃ আমিনুল ইসলাম এবং খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া।




খুলনা জেলার SDG Localization Workshop এ প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মোঃ আবুল কালাম আজাদ।

২৯ জুন, ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মোঃ আবুল কালাম আজাদ 'Capacity Building' শীর্ষক প্রকল্পের উপকারভোগীদের সাথে মতবিনিময় করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী ইশতেহার এবং রূপকল্প-২০২১ ও রূপকল্প-২০৪১ বাস্তবায়নের নিমিত্তে শিক্ষিত তরুণ-তরুণীদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে এই প্রকল্প গৃহীত হয়, যা খুলনার জেলা প্রশাসকের এক উদ্ভাবনী উদ্যোগ। অতঃপর মুখ্য সমন্বয়ক (এসডিজি) প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খুলনা জেলার পিছিয়ে পড়া ও অনগ্রসর নারীর কর্মসংস্থানের লক্ষ্যে 'Skill Development Project' এর আওতায় প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে এ সভায় আরো উপস্থিত ছিলেন খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া।




'Capacity Building' শীর্ষক প্রকল্পের উপকারভোগীদের সাথে মতবিনিময় সভায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মোঃ আবুল কালাম আজাদ।

## 'শেখ রাসেল টেনিস কমপেক্স' এর ভিত্তি প্রস্তর স্থাপন

১ আগস্ট, ২০১৯ তারিখে জেলা প্রশাসন, খুলনার উদ্যোগ ও পরিকল্পনায় নির্মিতব্য 'শেখ রাসেল টেনিস কমপেক্স' এর ভিত্তি প্রস্তর স্থাপন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী মোঃ তাজুল ইসলাম, এম.পি. ও খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। এসময় আরো উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য, এম. পি., খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া এবং জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



'শেখ রাসেল টেনিস কমপেক্স' এর ভিত্তি প্রস্তর স্থাপন করছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী মোঃ তাজুল ইসলাম, এম.পি.।

## 'খুলনা বিভাগীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা, ২০১৯' এর শুভ উদ্বোধন

১১ জুলাই, ২০১৯ তারিখে 'খুলনা বিভাগীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা, ২০১৯' উপলক্ষে এক বর্ণাঢ্য র‍্যালি শেষে এর শুভ উদ্বোধন এবং উদ্বোধন পরবর্তী আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, বিশেষ অতিথি ছিলেন খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া। আরো উপস্থিত ছিলেন খুলনা জেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।




'খুলনা বিভাগীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা, ২০১৯' এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

# জেলা প্রশাসন কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টসমূহ



১ জুন, ২০১৯ তারিখে পবিত্র ঈদ-উল-ফিতরে জনগণের নিরাপদ যাত্রা নিশ্চিতকরণে খুলনা শহরের জিরো পয়েন্টে ড্রাইভিং লাইসেন্সবিহীন চালক এবং রেজিস্ট্রেশন, রুট পারমিট, ও ফিটনেসবিহীন বাসে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।



৯ জুন, ২০১৯ তারিখে জনসাধারণের ঈদ পরবর্তী যাত্রা সহজীকরণে খুলনা জেলার বিভিন্ন বাসস্ট্যান্ডে মোবাইল কোর্ট পরিচালনা করে অতিরিক্ত ভাড়া আদায়সহ বিভিন্ন অনিয়মের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ করা হয়।



১৩ জুন, ২০১৯ তারিখে খুলনা মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে অবৈধ প্রক্রিয়ায় ঘনচিনি, স্যাকারিন, টেক্সটাইল রং ব্যবহার করে আইসক্রিম তৈরির অপরাধে বিনাশ্রম কারাদণ্ড প্রদান ও কারখানাটি সিলগালা করা হয়।



১৮ জুন, ২০১৯ তারিখে ডুমুরিয়ায় উপজেলা পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে ১৩ জুন, ২০১৯ তারিখে মোবাইল কোর্ট পরিচালনা করে আচরণ বিধিমালা ভঙ্গের দায়ে বিভিন্ন দল ও প্রার্থীকে জরিমানা করা হয়।



২৩ জুন, ২০১৯ তারিখে খুলনা মহানগরীর খালিশপুর এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে 'পল্লী মধু' নামক প্রতিষ্ঠানকে লাইসেন্স ছাড়া ব্যবসা চালানোর অপরাধে জরিমানা করা হয়।



২৬ জুন, ২০১৯ তারিখে খুলনা মহানগরীর নতুন রাস্তা এলাকায় মোবাইল কোর্ট পরিচালনাকালে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ফিলিং স্টেশনকে ওজনে কারচুপির ও অগ্নি নির্বাপন ব্যবস্থার অনিয়মের দায়ে জরিমানা করা হয়।



২৭ জুন, ২০১৯ তারিখে হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারে মোবাইল কোর্ট পরিচালনা করে 'ড্রাগ আইন, ১৯৪০' এর আওতায় জরিমানা ও অনাদায়ে কারাদণ্ড প্রদান করা হয়।




৩ জুলাই, ২০১৯ তারিখে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বাতিলকৃত ২১ টি পণ্যের মধ্যে সফট ড্রিংকস পাউডার বিক্রয়ের জন্য মজুদ করায় সুপার শপ থেকে তা জব্দ করা হয়।



০৬ আগস্ট, ২০১৯ তারিখে খুলনা মহানগরীতে মোবাইল কোর্ট পরিচালনা করে ৪ টি প্রতিষ্ঠানকে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাবার প্রস্তুত করায় জরিমানা করা হয়।



৭ জুলাই, ২০১৯ তারিখে নগরীর সোনালী জুট মিল এলাকায় বাল্যবিবাহ বন্ধ করে 'বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭' অনুযায়ী অর্থদণ্ড প্রদান করা হয় এবং ভবিষ্যতে এ ধরণের কাজ থেকে বিরত থাকবে মর্মে উভয়পক্ষ মুচলেকা প্রদান করে।



৮ জুলাই, ২০১৯ তারিখে খুলনা মহানগরীর শিববাড়িতে অবস্থিত Top In Town রেস্তোরাঁকে মাদকদ্রব্য ও তামাকজাত দ্রব্য পোস্টারের মাধ্যমে প্রচারণার জন্য মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানা করা হয়।



১৫ জুলাই, ২০১৯ তারিখে সাতক্ষীরা ঘোষ ডেয়ারিকে অস্বাস্থ্যকর পরিবেশে দুগ্ধজাত খাদ্যদ্রব্য তৈরির অপরাধে মোবাইল কোর্টের মাধ্যমে 'ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯' অনুযায়ী জরিমানা করা হয়।




১৬ জুলাই, ২০১৯ তারিখে খুলনা মহানগরীতে বিএসটিআইয়ের লাইসেন্সবিহীন পানি বাজারজাতকরণ ও অনুমোদন ছাড়া লোগো ব্যবহার করার অপরাধে দু'টি প্রতিষ্ঠানকে মোবাইল কোর্টের মাধ্যমে অর্থদণ্ড প্রদান করা হয়।



১৭ জুলাই, ২০১৯ তারিখে মোবাইল কোর্ট পরিচালনা করে আনুমানিক ৭-৮ মণ বাগদা চিংড়ি জেলি পুশ করা অবস্থায় জব্দ করা হয় এবং এ অপরাধে ৪ জনকে গ্রেফতারপূর্বক বিভিন্ন মেয়াদে সাজা প্রদান করা হয়।



১৭ জুলাই, ২০১৯ তারিখে খুলনা মহানগরীতে মোবাইল কোর্ট পরিচালনা করে দু'টি রাইস মিলকে 'পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০' অনুযায়ী প্লাস্টিকের মোড়ক ব্যবহারের জন্য জরিমানা করা হয়।




২০ জুলাই, ২০১৯ তারিখে 'জাতীয় মৎস্য সপ্তাহ, ২০১৯' উপলক্ষে মাছে ফরমালিন ব্যবহারবিরোধী অভিযান ও মৎস্য আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।



২৩ জুলাই, ২০১৯ তারিখে খুলনা মহানগরীর দু'টি রেস্তোরাঁকে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাবার প্রস্তুত করায় মোবাইল কোর্টের মাধ্যমে অর্থদণ্ড প্রদান করা হয়।



২৪ জুলাই, ২০১৯ তারিখে খুলনা মহানগরীতে মোবাইল কোর্ট পরিচালনা করে চারটি প্রতিষ্ঠানকে 'পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০' ও 'করাতকল (লাইসেন্স) বিধিমালা, ২০১২' অনুযায়ী অর্থদণ্ড প্রদান করা হয়।

## জেলা প্রশাসন কর্তৃক পরিচালিত মাদকবিরোধী অভিযান



০৩ জুলাই, ২০১৯ তারিখে খুলনায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করার সময় টলুইন গাম সেবনের অপরাধে দুইজনকে যথাক্রমে ১ বছর ও ৬ মাসের কারাদণ্ড প্রদান করা হয়।




২৬ জুন, ২০১৯ তারিখে মাদকবিরোধী মানববন্ধন ও র‍্যালি শেষে আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।




১১ জুলাই, ২০১৯ তারিখে খুলনা জেলার জনপ্রতিনিধিগণের সাথে মাদকবিরোধী টাস্কফোর্সের মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।




১৯ আগস্ট, ২০১৯ তারিখে খুলনা জেলার কলকারখানা মালিকদের সাথে মাদকবিরোধী টাস্কফোর্সের মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।




২২ আগস্ট, ২০১৯ তারিখে বঙ্গবাসী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে মাদকবিরোধী টাস্কফোর্সের মতবিনিময় সভায় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



২৪ আগস্ট, ২০১৯ তারিখে সরকারি দৌলতপুর মুহসীন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সাথে মাদকবিরোধী টাস্কফোর্সের মতবিনিময় সভায় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা

১১ জুলাই, ২০১৯ তারিখে জেলা প্রশাসন, খুলনার আয়োজনে জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। সভায় আরো উপস্থিত ছিলেন পুলিশ সুপার, খুলনা এস এম শফিউল্লাহ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলীসহ জেলা প্রশাসন ও জেলার বিভিন্ন দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।




জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় বক্তব্য রাখছেন জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## 'মেয়র কাপ ইনডোর গেমস, ২০১৯' এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান

১১ জুলাই, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে 'মেয়র কাপ ইনডোর গেমস, ২০১৯' এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। আরো উপস্থিত ছিলেন পুলিশ সুপার, খুলনাসহ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ ও বিভিন্ন ইভেন্টে বিজয়ী খেলোয়াড়বৃন্দ। খুলনা অফিসার্স ক্লাবে আয়োজিত এ অনুষ্ঠানে মেয়র বিজয়ীদের হাতে ক্রেস্ট তুলে দেন।



'মেয়র কাপ ইনডোর গেমস, ২০১৯' এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পুরস্কার প্রদান করছেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক।

## 'বিশ্ব জনসংখ্যা দিবস, ২০১৯' উদযাপন

১১ জুলাই, ২০১৯ তারিখে 'বিশ্ব জনসংখ্যা দিবস, ২০১৯' উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রায় অংশগ্রহণ করেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন এবং জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।



ফেস্টুন উড়িয়ে 'বিশ্ব জনসংখ্যা দিবস, ২০১৯' এর উদ্বোধন করেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক।

## 'জাতীয় মৎস্য সপ্তাহ, ২০১৯' উদযাপন

১৮ জুলাই, ২০১৯ তারিখে 'মৎস্য সেক্টরের সমৃদ্ধি, সুনীল অর্থনীতির অগ্রগতি' এই প্রতিপাদ্যকে সামনে রেখে শুরু হয় 'জাতীয় মৎস্য সপ্তাহ, ২০১৯'। এ উপলক্ষে এক বর্ণাঢ্য র‌্যালি শেষে জেলা প্রশাসক, খুলনা'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় উদ্বোধনী অনুষ্ঠান। খুলনা জেলার ভারপ্রাপ্ত জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ.) মোঃ ইকবাল হোসেনের সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক। এছাড়া জেলা প্রশাসনের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এতে উপস্থিত ছিলেন।




'জাতীয় মৎস্য সপ্তাহ, ২০১৯' এর উদ্বোধনী অনুষ্ঠানে খুলনা সিটি কর্পোরেশনে মেয়র তালুকদার আব্দুল খালেক।

## খুলনা বিভাগীয় শিশু হাসপাতালের জমি অধিগ্রহণ সম্পন্ন



খুলনা বিভাগীয় শিশু হাসপাতালের অধিগ্রহণকৃত জমি প্রত্যাশী সংস্থার কাছে হস্তান্তর করা হচ্ছে।

দক্ষিণ-পশ্চিমাঞ্চলের শিশুদের চিকিৎসা সেবা নিশ্চিতকরণে প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী অতিশীঘ্রই নির্মিত হতে যাচ্ছে খুলনা বিভাগীয় শিশু হাসপাতাল। বটিয়াঘাটার কৃষ্ণনগর মৌজায় রূপসা বাইপাস সড়কের পাশে এবং কেডিএ'র বাইপাস সড়কের (সোনাডাঙ্গা থানা-জয়বাংলা মোড়) দক্ষিণ পাশে ৪.৮২ একর জমির উপর প্রতিষ্ঠিত হতে যাচ্ছে এই হাসপাতাল। এ উপলক্ষে ১৪ জুলাই, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নির্দেশে এবং অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ.), খুলনা মোঃ ইকবাল হোসেনের তত্ত্বাবধানে জেলা প্রশাসন খুলনার পক্ষ হতে অধিগ্রহণকৃত জমির দখল প্রত্যাশী সংস্থার অনুকূলে হস্তান্তর করা হয়। এসময় জেলা প্রশাসক, খুলনার পক্ষে ভূমি অধিগ্রহণ কর্মকর্তা এবং প্রত্যাশী সংস্থার পক্ষে সিভিল সার্জন, খুলনা উপস্থিত ছিলেন। প্রকল্পটি বাস্তবায়িত হলে খুলনা বিভাগে শিশু ও নবজাতকের মৃত্যুহার হ্রাসের পাশাপাশি বিভিন্ন জটিল রোগের উন্নতমানের চিকিৎসাসেবা প্রদান করা সম্ভব হবে।



# জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের জনপ্রশাসন পদক লাভ




মহামান্য রাষ্ট্রপতির নিকট থেকে জনপ্রশাসন পদক গ্রহণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



জনপ্রশাসন পদক হাতে খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া, খুলনা জেলার জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ হেলাল হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জিয়াউর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) গোলাম মাঈনউদ্দিন হাসান এবং দিঘলিয়ার উপজেলা নির্বাহী অফিসার মোঃ হাফিজ-আল-আসাদ।

২৩ জুলাই, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা **মোহাম্মদ হেলাল হোসেন** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির নিকট থেকে দু'টি উদ্ভাবনী উদ্যোগের জন্য 'জনপ্রশাসন পদক, ২০১৯' গ্রহণ করেন।

উদ্ভাবনী উদ্যোগ-১: 'যার জমি আছে ঘর নাই, তার নিজ জমিতে গৃহ নির্মাণ প্রকল্প, আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় টিনের ঘরের পরিবর্তে ইটের দেওয়াল দ্বারা নির্মিত টেকসই ঘর প্রদান।' পদক প্রাপ্তগণঃ **১) লোকমান হোসেন মিয়া,** বিভাগীয় কমিশনার, খুলনা। **২) মোহাম্মদ হেলাল হোসেন,** জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা। **৩) মোঃ ইলিয়াছুর রহমান,** উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা।

উদ্ভাবনী উদ্যোগ-২: 'মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী ইশতেহার এবং রূপকল্প-২০২১ ও রূপকল্প-২০৪১ বাস্তবায়নের নিমিত্ত শিক্ষিত তরুণ-তরুণী ও যুবকদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে Capacity Building'। পদক প্রাপ্তগণঃ **১) মোহাম্মদ হেলাল হোসেন,** জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা। **২) জিয়াউর রহমান,** অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা। **৩) গোলাম মাঈনউদ্দিন হাসান,** অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।



## 'জাতীয় পাবলিক সার্ভিস দিবস, ২০১৯' উদযাপন

২৩ জুলাই, ২০১৯ তারিখে 'জনসেবার জন্য প্রশাসন' এই প্রতিপাদ্যকে সামনে রেখে 'জাতীয় পাবলিক সার্ভিস দিবস, ২০১৯' উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন, খুলনার আয়োজনে এক বর্ণাঢ্য র‍্যালি শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। খুলনা জেলার ভারপ্রাপ্ত জেলা প্রশাসক মোঃ ইকবাল হোসেনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মোঃ হাবিবুল হক খান, বিশেষ অতিথি ছিলেন হোসেন আলী খোন্দকার, পরিচালক, স্থানীয় সরকার, খুলনা, পুলিশ সুপার, খুলনা এস এম শফিউল্লাহ এবং জেলা প্রশাসন ও জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানে অতিথিবৃন্দের বক্তব্যের পাশাপাশি সেবাগ্রহীতারা বক্তব্য প্রদান করেন। এছাড়া উদ্ভাবনীমূলক উদ্যোগের জন্য জেলা পর্যায়ের তিন জন এবং উপজেলা পর্যায়ের একজনকে পুরস্কৃত করা হয়।







'জাতীয় পাবলিক সার্ভিস দিবস, ২০১৯' উদযাপন উপলক্ষে র‍্যালি ও আলোচনা সভা।

## 'EU Support to Health & Nutrition to the Poor in Urban Bangladesh' শীর্ষক প্রকল্পের ওরিয়েন্টেশন কর্মশালা

২২ জুলাই, ২০১৯ তারিখে পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্রের আয়োজনে এবং জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয় 'EU Support to Health & Nutrition to the Poor in Urban Bangladesh' শীর্ষক প্রকল্পের ওরিয়েন্টেশন কর্মশালা। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব মেজবাহ উদ্দিন, বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ সরকারের যুগ্ম সচিব ড. এনামুল হক।



'EU Support to Health & Nutrition to the Poor in Urban Bangladesh' শীর্ষক প্রকল্পের ওরিয়েন্টেশন কর্মশালায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## জনপ্রশাসন পদক পাওয়ায় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনকে সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সংবর্ধনা

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনকে তাঁর উদ্ভাবনী কাজের জন্য দু'টি ক্যাটাগরিতে মহামান্য রাষ্ট্রপতির নিকট থেকে 'জনপ্রশাসন পদক, ২০১৯' গ্রহণ করায় খুলনার সর্বস্তরের জনগণ (রাজনীতিবিদ, মুক্তিযোদ্ধা, কবি-সাহিত্যিক, লেখক-সাংবাদিক, সুশীল সমাজ) এর পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়।



জনপ্রশাসন পদক প্রাপ্তিতে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনকে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন খুলনা-৪ আসনের সংসদ সদস্য আব্দুস সালাম মুর্শেদী।



২৮ জুলাই, ২০১৯ তারিখে উমেশ চন্দ্র পাবলিক লাইব্রেরিতে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনকে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের শুভেচ্ছা জ্ঞাপন।



৩১ জুলাই, ২০১৯ তারিখে জনপ্রশাসন পদক প্রাপ্তিতে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনকে সংবর্ধনা দেন খুলনা প্রেস ক্লাবের সাংবাদিকবৃন্দ।

## আগ্নেয়াস্ত্রের ই-লাইসেন্স সিস্টেম চালুকরণ

২৫ জুলাই, ২০১৯ তারিখে জেলা প্রশাসন, খুলনার আয়োজনে 'আগ্নেয়াস্ত্রের ই-লাইসেন্স সিস্টেম চালুকরণ' অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলীর সভাপতিত্বে এ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ) মোঃ ইকবাল হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জিয়াউর রহমান এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) গোলাম মাঈনউদ্দিন হাসান।



'আগ্নেয়াস্ত্রের ই-লাইসেন্স সিস্টেম চালুকরণ' অনুষ্ঠানে স্মার্ট লাইসেন্স প্রদান করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## অসুস্থ রোগীদের মাঝে এককালীন আর্থিক সহায়তার চেক বিতরণ অনুষ্ঠান

২৫ জুলাই, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে আয়োজিত হয় 'ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইসড ও জন্মগত হৃদরোগীদের মাঝে এককালীন আর্থিক সহায়তার চেক বিতরণ' অনুষ্ঠান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া। আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জিয়াউর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) গোলাম মাঈনউদ্দিন হাসানসহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



অসুস্থ রোগীদের মাঝে চেক বিতরণ করছেন বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া।

## ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজন



ফ্রি মেডিকেল ক্যাম্পে চিকিৎসা গ্রহণ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

২ জুলাই, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নিজ উদ্যোগে ফ্রি মেডিক্যাল ক্যাম্পের আয়োজন করা হয়। ক্যাম্পে ফ্রি মেডিকেল সার্ভিস প্রদান করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সিনিয়র কন্সালট্যান্ট ডা. মিজানুর রহমান।



# সংকটময় ডেঙ্গু-পরিস্থিতি মোকাবেলায় জেলা প্রশাসন, খুলনার উদ্যোগ

২৮ জুলাই, ২০১৯ তারিখে 'নিজ আঙ্গিনা পরিস্কার রাখি, সবাই মিলে সুস্থ থাকি' এই প্রতিপাদ্যকে সামনে রেখে দেশব্যাপী মশক নিধন ও পরিচ্ছন্নতা সপ্তাহ, ২০১৯ (২৫-৩১ জুলাই) উপলক্ষে জেলা প্রশাসন, খুলনা কর্তৃক আয়োজিত র‍্যালি ও আলোচনা সভায় উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা জিয়াউর রহমান ও সিভিল সার্জন, খুলনা এ এস এম আব্দুর রাজ্জাক।




দেশব্যাপী মশক নিধন ও পরিচ্ছন্নতা সপ্তাহ, ২০১৯ উপলক্ষে আয়োজিত র‍্যালিতে অংশ নেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক।

৩০ জুলাই, ২০১৯ তারিখে জরুরি ডেঙ্গু ব্যবস্থাপনা বিষয়ে ডাক্তারদের সাথে এক আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক।




জরুরি ডেঙ্গু ব্যবস্থাপনা বিষয়ক আলোচনা সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

উদ্ভূত সংকটময় ডেঙ্গু পরিস্থিতিতে ডেঙ্গু টেস্টের নতুন মূল্য নির্ধারণ করে দেয় সরকার। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নির্দেশনায় এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলীর তত্ত্বাবধানে খুলনা মহানগরীতে ৩০ জুলাই, ২০১৯ তারিখে ডেঙ্গু টেস্টের অধিক মূল্য গ্রহণ প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মোবাইল কোর্টের মাধ্যমে আটটি ডায়াগনস্টিক সেন্টার ও হাসপাতালকে সরকার কর্তৃক নির্ধারিত দামের অধিক দাম রাখায় মোট এক লক্ষ পঁচাশি হাজার টাকা জরিমানা করা হয়।



ডেঙ্গু টেস্টের সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্য গ্রহণ প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনা করছেন জেলা প্রশাসন, খুলনার নির্বাহী ম্যাজিস্ট্রেটবৃন্দ।

৪ আগস্ট, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মশক নিধন ও ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা গড়ে তুলতে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নেতৃত্বে খুলনার আবাসিক এলাকাসমূহে লিফলেট বিতরণ করেন। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোঃ ইউসুপ আলীসহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তারা এতে অংশগ্রহণ করেন।




মশক নিধন ও ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা গড়ে তুলতে খুলনার আবাসিক এলাকায় লিফলেট বিতরণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

৫ আগস্ট, ২০১৯ তারিখে 'নিজ আঙিনা পরিষ্কার রাখি, সবাই মিলে সুস্থ থাকি' এই প্রতিপাদ্যকে সামনে রেখে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনায় ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সকল দপ্তরের অংশগ্রহণে জেলাব্যাপী পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসন, খুলনার আয়োজনে এ অভিযানে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনসহ জেলা প্রশাসন ও অন্যান্য দপ্তরের কর্মকর্তাবৃন্দ। উদ্বোধন শেষে জেলা প্রশাসকের তত্ত্বাবধানে জেলা প্রশাসকের কার্যালয়ে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালিত হয়।



উদ্ভূত ডেঙ্গু পরিস্থিতিতে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানে নির্দেশনা দিচ্ছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



২৭ আগস্ট, ২০১৯ তারিখে জেলা প্রশাসক, খুলনার সম্মেলন কক্ষে বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া ডেঙ্গু পরিস্থিতি নিয়ে আলোচনার জন্য খুলনা বিভাগের দশ জেলার জেলা প্রশাসকগণের সাথে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে সংযুক্ত হন। এসময় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন ও জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।





উদ্ভূত ডেঙ্গু পরিস্থিতিতে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে দশ জেলার জেলা প্রশাসকগণকে দিক-নির্দেশনা প্রদান করছেন বিভাগীয় কমিশনার, খুলনা লোকমান হোসেন মিয়া।

উদ্ভূত ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলায় 'নিজ আঙিনা পরিষ্কার রাখি, সবাই মিলে সুস্থ থাকি' এই প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা প্রশাসন, খুলনার আয়োজনে একাধিক র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এসব আলোচনা সভায় উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া, পুলিশ সুপার, খুলনাসহ জেলা প্রশাসন ও জেলার বিভিন্ন দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। আলোচনা সভায় সভাপতি নিজ বাড়ি-ঘর, আঙ্গিনা ও পরিপার্শ্ব পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার উপর জোর দেন এবং সবাইকে এ বিষয়ে সচেতন হতে উদ্বুদ্ধ করেন।




২ আগস্ট, ২০১৯ তারিখে ডেঙ্গু ও গুজব প্রতিরোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে খুলনা মহানগরীর শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের সাথে মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## বিভিন্ন কর্মসূচি উপলক্ষে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব সাজ্জাদুল হাসানের খুলনা সফর

প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব সাজ্জাদুল হাসান বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ করতে খুলনা সফরে আসেন। খুলনা সফরকালে তিনি খুলনার মেগা প্রকল্প রামপাল বিদ্যুৎ কেন্দ্র, খান জাহান আলী বিমান বন্দর, খুলনা-মোংলা রেলপথ নির্মাণ কাজ, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা শিশু হাসপাতাল, খুলনা বিভাগীয় কমিশনারের নতুন কার্যালয় ভবন ও অডিটোরিয়ামের নির্মাণ কাজসহ বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করেন। এছাড়াও তিনি শেখ রাসেল ইকোপার্কে মিনি সুন্দরবন গড়ার লক্ষ্যে ১৬ প্রজাতির ৫০০০০ বৃক্ষরোপণ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। এসব কর্মসূচিতে সার্বক্ষণিক তাঁর সাথে ছিলেন খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনসহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



২৭ জুলাই, ২০১৯ তারিখে খুলনা-মোংলা রেলপথের নির্মাণকাজ পরিদর্শন করেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব সাজ্জাদুল হাসান।



২৮ জুলাই, ২০১৯ তারিখে খুলনা বিভাগীয় কমিশনারের নতুন কার্যালয় ভবন ও অডিটোরিয়ামের নির্মাণকাজ পরিদর্শন করেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব সাজ্জাদুল হাসান।



২৮ জুলাই, ২০১৯ তারিখে খুলনা শিশু হাসপাতাল পরিদর্শন করেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব সাজ্জাদুল হাসান।



২৮ জুলাই, ২০১৯ তারিখে শেখ রাসেল ইকোপার্কে বৃক্ষরোপণ কার্যক্রমের উদ্বোধন করছেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব সাজ্জাদুল হাসান।

## দুর্নীতি দমন আইন বিষয়ক অবহিতকরণ প্রশিক্ষণ কর্মশালা

২৭ আগস্ট, ২০১৯ তারিখে স্থানীয় সরকার বিভাগ আয়োজিত 'কার্যকর ও জবাবদিহিতামূলক স্থানীয় সরকার (ইএএলজি)' প্রকল্পের আওতায় দুর্নীতি দমন আইন বিষয়ক অবহিতকরণ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। সভাপতিত্ব করেন উপ-পরিচালক, স্থানীয় সরকার, খুলনা ইশরাত জাহান। এছাড়াও উপস্থিত ছিলেন জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।




দুর্নীতি দমন আইন বিষয়ক অবহিতকরণ প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## উদ্যোক্তা সৃষ্টিতে জেলা প্রশাসনের ভূমিকা

১৭ আগস্ট, ২০১৯ তারিখে জেলা প্রশাসন, খুলনা এবং 'উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন প্রকল্প (ESDP)' এর যৌথ আয়োজনে উদ্যোক্তা বাছাই কমিটির এক সভা অনুষ্ঠিত হয় যাতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। ২৫ আগস্ট, ২০১৯ তারিখে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে নিবন্ধন বুথ উদ্বোধন করা হয়। ২৭ আগস্ট, ২০১৯ তারিখে ESDP এর আওতায় BIDA আয়োজিত এক মোটর বাইক শোভাযাত্রার শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়।




ইওউঅ আয়োজিত মোটর বাইক শোভাযাত্রার শুভ উদ্বোধন অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।

## ফায়ার সার্ভিস স্টেশন নির্মাণের লক্ষে অধিগ্রহণকৃত জমির দখল প্রত্যাশী সংস্থার অনুকূলে হস্তান্তর

বর্তমান সরকারের 'প্রতিটি উপজেলায় একটি ফায়ার সার্ভিস স্টেশন নির্মাণ' এ অঙ্গীকারের অংশ হিসেবে তেরখাদা উপজেলায় ফায়ার সার্ভিস স্টেশন নির্মাণের জন্য জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নির্দেশে এবং অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ.) এর তত্ত্বাবধানে ৩০ জুলাই, ২০১৯ তারিখে জেলা প্রশাসন, খুলনার পক্ষ থেকে অধিগ্রহণকৃত জমির দখল প্রত্যাশী সংস্থার অনুকূলে হস্তান্তর করা হয়। অত্র উপজেলায় বড় ধরণের দুর্যোগ-দুর্ঘটনা মোকাবেলায় পূর্বপ্রস্তুতি, দুর্ঘটনাকালীন ও দুর্ঘটনা পরবর্তী ক্ষয়ক্ষতি প্রশমনে জনগণকে দ্রুত সেবা প্রদানে এই ফায়ার সার্ভিস স্টেশন ভবিষ্যতে অপরিসীম ভূমিকা পালন করবে।



ফায়ার সার্ভিস স্টেশনের জমি অধিগ্রহণকল্পে মাপ-জোখের কাজ চলছে।

## জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা

২৯ জুলাই, ২০১৯ তারিখে দুর্যোগ-ঝুঁকি হ্রাসকরণ নেটওয়ার্ক গঠনে 'জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি' এর সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। সার্কিট হাউজের সভাকক্ষে আয়োজিত এ সভায় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জিয়াউর রহমানসহ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।




জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভায় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## অসচ্ছল সংস্কৃতিসেবী ও সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে অনুদান প্রদান

৩০ জুলাই, ২০১৯ তারিখে ২০১৮-২০১৯ অর্থবছরে খুলনা জেলার অসচ্ছল সংস্কৃতিসেবীদের মাসিক কল্যাণ ভাতা এবং সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে অনুদান প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জিয়াউর রহমান।



অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুদান প্রদান করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।




খাদ্য বিভাগীয় কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় খাদ্য মন্ত্রী সাধন চন্দ্র মজুমদার, এম. পি.।

## খাদ্য মন্ত্রীর সাথে খাদ্য বিভাগীয় কর্মকর্তাদের মতবিনিময় সভা

৫ আগস্ট, ২০১৯ তারিখে খাদ্য মন্ত্রী সাধন চন্দ্র মজুমদার, এম.পি. খুলনায় আসেন এবং খুলনা সার্কিট হাউজের সম্মেলন কক্ষে খাদ্য বিভাগীয় কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। এ মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-২০৩০ বাস্তবায়ন বিষয়ক খুলনা জেলা কমিটির প্রথম সভা

৩০ জুলাই, ২০১৯ তারিখে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে তাঁর সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হয় টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-২০৩০ বাস্তবায়ন বিষয়ক খুলনা জেলা কমিটির প্রথম সভা। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জিয়াউর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠিত এ সভায় কমিটির সদস্যরাসহ উপস্থিত ছিলেন জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের প্রধান, সকল উপজেলা নির্বাহী অফিসার, বিভিন্ন বেসরকারি সংস্থার প্রতিনিধি ও সুশীল সমাজের প্রতিনিধিরা।




টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-২০৩০ বাস্তবায়ন বিষয়ক খুলনা জেলা কমিটির প্রথম সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন এবং সমবায় মন্ত্রীর বিভিন্ন কর্মসূচিতে খুলনা সফর

১ আগস্ট, ২০১৯ তারিখে বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণের জন্য খুলনা সফর করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন এবং সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী তাজুল ইসলাম, এম.পি. এবং প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য্য, এম.পি.। খুলনা সফরকালে তাঁরা 'খুলনা ওয়াসার কার্যক্রমের পর্যালোচনা সভায় এবং 'খুলনা বিভাগীয় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রমের পর্যালোচনা সভায় অংশগ্রহণ করেন। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে এ দু'টি সভায় উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক এবং খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া।




স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন এবং সমবায় মন্ত্রীর সাথে আলোচনা সভায় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## নদী দূষণ রোধ ও নদী রক্ষায় খুলনা জেলা প্রশাসনের উদ্যোগ

নদী দূষণ রোধ ও নদী রক্ষায় ব্যাপক কর্মসূচি হাতে নিয়েছে জেলা প্রশাসন, খুলনা। 'নদী দূষণ বন্ধ করি, জনসচেতনতা বৃদ্ধি করি' এই শ্লোগানকে সামনে রেখে নদী দূষণরোধে ১ আগস্ট, ২০১৯ তারিখে নগরীর ময়ূর নদীতে চালানো হয় পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান। জেলা প্রশাসন, খুলনার আয়োজনে এ পরিচ্ছন্নতা অভিযানের শুভ উদ্বোধন করেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া এবং জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এছাড়া নদী দূষণ রোধে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে খুলনা জেলার কলকারখানা মালিকদের সাথে ১৯ আগস্ট, ২০১৯ তারিখে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসকের কার্যালয়, খুলনার আয়োজনে এই সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



ময়ূর নদীতে চলমান পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান।




নদী দূষণ রোধে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে খুলনা জেলার কলকারখানা মালিকদের সাথে মতবিনিময় সভায় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

## নবায়নযোগ্য শক্তি কার্যক্রমের জেলা মনিটরিং কমিটির ত্রৈমাসিক সভা

১৮ আগস্ট, ২০১৯ তারিখে টিআর/কাবিটা কর্মসূচির অধীনে স্থাপিত নবায়নযোগ্য শক্তি কার্যক্রমের জেলা মনিটরিং কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। জেলা প্রশাসন, খুলনা ও ইডকল আয়োজিত এ সভায় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জিয়াউর রহমানসহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।




নবায়নযোগ্য শক্তি কার্যক্রমের জেলা মনিটরিং কমিটির ত্রৈমাসিক সভায় বক্তব্য প্রদান করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

# খুলনায় ঈদ-উল-আযহা উদযাপন

১০ আগস্ট, ২০১৯ তারিখে শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র, খুলনায় ঈদ-উল-আযহা উপলক্ষে অনাথ-অসহায় শিশু-কিশোরদের মাঝে পোশাক বিতরণ করা হয়। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিশুদের মাঝে পোশাক বিতরণ করেন খুলনা লেডিস ক্লাবের সভাপতি অধ্যাপিকা আমেনা হেলাল। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লেডিস ক্লাব, খুলনার সম্মানিত সদস্য সালমা শারমীন ও নুরে জিনাত আরা। জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তাবৃন্দও এসময় উপস্থিত ছিলেন।



ঈদ-উল-আযহা উপলক্ষে অনাথ-অসহায় শিশু-কিশোরদের মাঝে পোশাক বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখছেন খুলনা লেডিস ক্লাবের সভাপতি অধ্যাপিকা আমেনা হেলাল।

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা বাস্তবায়নের নিমিত্তে নির্ধারিত স্থানে পশু কোরবানি এবং কোরবানির পর সুষ্ঠু বর্জ্য-ব্যবস্থাপনা নিশ্চিতকল্পে ১১ আগস্ট, ২০১৯ তারিখে নগরীর বিভিন্ন পয়েন্টে কোরবানির নির্ধারিত স্থান সরেজমিনে পরিদর্শন করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ হেলাল হোসেন। এসময় উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া, পুলিশ সুপার, খুলনাসহ জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ। এসময় স্থানীয় জনসাধারণের সাথে ডেঙ্গু প্রতিরোধ ও পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে মতবিনিময় করা হয়।



কোরবানির নির্দিষ্ট স্থান সরেজমিনে পরিদর্শন করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ হেলাল হোসেন।

১১ আগস্ট, ২০১৯ তারিখে খুলনা জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ হেলাল হোসেন, খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া এবং পুলিশ সুপার, খুলনার উপস্থিতিতে খুলনার ৬ টি সরকারি প্রতিষ্ঠানের দুঃস্থ, অসহায়, এতিম ও অনাথ শিশুদের মাঝে কোরবানির গরু বিতরণ করেন। এতিমদের সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করে নিতে খুলনার প্রশাসন পরিবার এই উদ্যোগ গ্রহণ করে।




এতিম ও অনাথ শিশুদের কোরবানির গরু বিতরণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।

১২ আগস্ট, ২০১৯ তারিখে ঈদ-উল-আযহা উপলক্ষে খুলনা জেলা কারাগারে উন্নতমানের খাবার পরিবেশিত হচ্ছে কিনা তা সরেজমিনে পরিদর্শন করতে এবং কয়েদিদের খোঁজ খবর নিতে জেলা কারাগারে যান জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন। এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোঃ ইউসুপ আলীসহ জেলা প্রশাসনের অন্যান্য ম্যাজিস্ট্রেটবৃন্দ।



খুলনা জেলা কারাগার পরিদর্শনকালে কয়েদিদের উন্নতমানের খাবার পরিবেশন করেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



# জাতীয় শোক দিবস ২০১৯ পালন

শোকাবহ ১৫ আগস্ট জাতীয় শোক দিবস। খুনীদের চক্রান্তে ১৯৭৫ সালের এই দিনে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর পরিবারের অন্যান্য সদস্যদের সাথে মর্মান্তিকভাবে শাহাদাৎ বরণ করেন। বঙ্গবন্ধুর ৪৪তম শাহাদাৎ বার্ষিক ও জাতীয় শোক দিবস, ২০১৯ উপলক্ষে ১৫ আগস্ট, ২০১৯ তারিখে এক শোক-র‍্যালি অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক, খুলনা মোহাম্মদ হেলাল হোসেনের নির্দেশনায় জেলা প্রশাসন, খুলনা কর্তৃক আয়োজিত এই র‍্যালিতে উপস্থিত ছিলেন খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক, খুলনার বিভাগীয় কমিশনার লোকমান হোসেন মিয়া, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনাসহ জেলা প্রশাসনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। র‍্যালি শেষে জেলা প্রশাসক বঙ্গবন্ধুর ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ করেন এবং শোকদিবসের আলোচনা সভায় সভাপতিত্ব করেন।







শোক-র‍্যালি শেষে বঙ্গবন্ধুর ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ করছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।



জাতীয় শোক দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখছেন জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা মোহাম্মদ হেলাল হোসেন।












■ **সার্বিক তত্ত্বাবধানে**

**মোহাম্মদ হেলাল হোসেন**

জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা

■ **সম্পাদনায়**

**জিয়াউর রহমান**

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা ও
আহ্বায়ক, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**মোঃ রাকিবুল হাসান**

সহকারী কমিশনার, খুলনা ও
সদস্য, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**দেবাশীষ বসাক**

সহকারী কমিশনার, খুলনা ও
সদস্য সচিব, উন্নয়ন বার্তা প্রকাশনা কমিটি

**ফেসবুক পেজসমূহ ঃ**

* মিডিয়া সেল, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
* DC Khulna